# বন্যা-পরবর্তী স্বাস্থ্যঝুঁকি মোকাবিলায় প্রস্তুত সরকার: অর্থমন্ত্রী




আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

বন্যাকবলিত মানুষের পুনর্বাসন কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত সরকারের সব ধরনের সহায়তা ও ত্রাণ কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী।

শুক্রবার (১৭ জুলাই) সকালে চট্টগ্রাম মহানগরীর পতেঙ্গা এলাকায় বন্যাদুর্গত পরিবারের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

অর্থমন্ত্রী জানান, বন্যা-পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় সরকার প্রয়োজনীয় সব ধরনের প্রস্তুতি গ্রহণ করেছে এবং ক্ষতিগ্রস্ত মানুষের পাশে থাকতে বিভিন্ন সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।

তিনি বলেন, এ পর্যন্ত প্রায় ৪০ হাজার পরিবারের মধ্যে চাল বিতরণ করা হয়েছে। পাশাপাশি ৭৫ হাজার পরিবারকে চাল, ডাল ও অন্যান্য শুকনো খাদ্যসামগ্রী দেওয়া হয়েছে। এছাড়া প্রায় ৪০ হাজার মানুষের কাছে রান্না করা খাবার পৌঁছে দেওয়া হয়েছে এবং এই কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

LENS ASIA

আমীর খসরু মাহমুদ চৌধুরী আরও বলেন, ত্রাণ কার্যক্রমের পাশাপাশি দ্রুত পুনর্বাসন উদ্যোগও শুরু করা হবে। ক্ষতিগ্রস্ত কৃষকদের প্রয়োজন অনুযায়ী বীজ, সার এবং অন্যান্য কৃষি উপকরণ সরবরাহের পরিকল্পনা রয়েছে।

স্বাস্থ্যঝুঁকির বিষয়েও সতর্ক থাকার কথা জানিয়ে তিনি বলেন, বন্যার পর সাধারণত বিভিন্ন রোগের প্রকোপ বাড়তে পারে। সে কারণে প্রয়োজনীয় ওষুধ ও চিকিৎসাসামগ্রী মজুত রাখা হয়েছে এবং যেকোনো সংক্রামক রোগ বা স্বাস্থ্য সংকট মোকাবিলায় সরকার প্রস্তুত রয়েছে।